

সোনার তরী।

গগনে গরজে মেঘ, ঘন বরষা।

কূলে একা বসে' আছি, নাহি ভরসা।

রাশি রাশি ভারা ভারা

ধান কাটা হ'ল সারা,

ভরা নদী ক্ষুরধারা

খর-পরশা।

কাটিতে কাটিতে ধান এল বরষা।

একখানি ছোট ক্ষেত আমি একেলা,

চারিদিকে বাঁকা জল করিছে খেলা।

পরপারে দেখি আঁকা

তরুছায়ামসীমাখা

গ্রামখানি মেঘে ঢাকা

প্রভাত বেলা।

এ পারেতে ছোট ক্ষেত আমি একেলা।

গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে!

দেখে' যেন মনে হয় চিনি উহারে।

ভরা-পালে চলে যায়,

কোন দিকে নাহি চায়,

ঢেউগুলি নিকুপায়